



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৩৩৫-০৬৯১০০, ই-মেইল: registrar@cou.ac.bd, website: ww.cou.ac.bd

স্মারক নং-কু:বি:/রেজি./মেধাবৃত্তি(অভ্যন্তরীণ)-৯২৮/২০০৯/ ৩৩৮০

তারিখ: ২০/০৫/২০২৬খ্রি

প্রাপক,

বিভাগীয় প্রধান,

গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/ নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব
/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ সিএসই/ আইসিটি/
আইন/ শারীরিক শিক্ষা বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ মেধাবৃত্তি, অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড এবং স্পোর্টস স্কলারশীপ প্রদানের নিমিত্ত মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।



জনাব,

সংযুক্ত শর্তাবলী মোতাবেক ২০২৫-২০২৬ অর্থবছরে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মেধাবৃত্তি, অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড এবং স্পোর্টস স্কলারশীপ প্রদানের লক্ষ্যে মনোনয়ন আহ্বান করা হয়েছে।

এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান, বিভাগের ছাত্র উপদেষ্টা এবং বিভাগ কর্তৃক মনোনীত একজন শিক্ষকসহ মোট ০৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটি গঠনপূর্বক বৃত্তির শর্তাবলী অনুযায়ী শিক্ষার্থী মনোনয়ন করবে। স্পোর্টস স্কলারশীপের জন্য বিশ্ববিদ্যালয় ক্রীড়া পরিচালনা কমিটি বিভিন্ন ইভেন্ট হতে মোট ১২ (বার) জন শিক্ষার্থী মনোনয়ন করবে।

মনোনয়নকৃত তালিকা ২০/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি: ক্রাইটেরিয়া নির্ধারণ ১ (এক) পাতা।


(মোহাম্মদ নূরুল করিম চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ০১। ডিন, বিজ্ঞান/কলা ও মানবিক / সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ / প্রকৌশল/ আইন অনুষদ, কু.বি।
- ০২। প্রক্টর, কু.বি।
- ০৩। প্রভোস্ট, সকল হল, কু.বি।
- ০৪। ছাত্র উপদেষ্টা, কু.বি।
- ০৫। পরিচালক, পরিচালকের কার্যালয় (অর্থ ও হিসাব), কু:বি।
- ০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, কু:বি।
- ০৭। পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল, কু.বি।
- ০৮। জনসংযোগ দপ্তর, কু.বি।
- ০৯। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি।
- ১০। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি।
- ১১। পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি।

E.M. রেজিস্ট্রার দপ্তর (একাডেমিক)মেধাবৃত্তি (অভ্যন্তরীণ)-৯২৮/ Notice



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৩৩৫-০৬৯১০০, ই-মেইল: registrar@cou.ac.bd, website: ww.cou.ac.bd

২০২৫-২০২৬ অর্থ বছরে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি, অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড এবং স্পোর্টস স্কলারশীপ প্রদানের লক্ষ্যে প্রতি বিভাগের নিম্নে উল্লিখিত শিক্ষাবর্ষের ক্রাইটেরিয়া অনুযায়ী স্কলারশীপ প্রদান করা হবে।

১। মেধাবৃত্তি-

মেধাবী শিক্ষার্থীদেরকে আর্থিক প্রণোদনার মাধ্যমে উৎসাহ প্রদানার্থে মেধাবৃত্তি প্রদানের ভিত্তি নিম্নরূপ:

- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী।
- ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ৩য় ও ৪র্থ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী।
- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম ও ২য় সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী।
- শুধুমাত্র ফার্মেসী বিভাগের জন্য ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ৭ম ও ৮ম সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী।
- যৌথ ফলাফল অর্জনকারীগণও মেধাবৃত্তির জন্য বিবেচিত হবেন।

২। অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড-

- অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে উৎসাহিত করার লক্ষ্যে প্রতি শিক্ষাবর্ষ হতে ০২ (দুই) জন করে অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড প্রদান করা হবে। উভয় সেমিস্টারে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে।
- ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ৩য় ও ৪র্থ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে।
- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম ও ২য় সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে।
- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ক্ষেত্রে শুধু ১ম সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে। তবে যে সকল বিভাগের ফলাফল এখনও প্রকাশিত হয়নি, সেসব বিভাগের ফলাফল প্রকাশের পর সংশ্লিষ্ট বিভাগ থেকে সুপারিশের প্রেক্ষিতে শিক্ষার্থীরা স্টাইপেন্ড প্রাপ্ত হবে।
- ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্টাইপেন্ড প্রদান করা হবে। এক্ষেত্রে এসএসসি ও এইচএসসিতে আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ আবশ্যিক।
- শুধুমাত্র ফার্মেসী বিভাগের জন্য ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ৭ম ও ৮ম সেমিস্টারের ফলাফলের ভিত্তিতে।

৩। যেহেতু, স্নাতক (সম্মান) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অধিকাংশ বিভাগের ফলাফল প্রকাশিত হয়নি সেহেতু, সকল বিভাগের ফলাফল প্রকাশ সাপেক্ষে উক্ত বর্ষের শিক্ষার্থীদেরকে (২০২০-২০২১) বৃত্তি প্রদান করা হবে।

৪। স্পোর্টস স্কলারশীপ-

শারীরিক শিক্ষা বিভাগের মাধ্যমে বিশ্ববিদ্যালয় ক্রীড়া পরিচালনা কমিটির সুপারিশের ভিত্তিতে ইভেন্টভিত্তিক সর্বমোট ১২ (বার) জন শিক্ষার্থীকে স্পোর্টস স্কলারশীপের জন্য মনোনীত করা হবে।

বৃত্তির হার নির্ধারণ:-

- মেধাবৃত্তি ও স্পোর্টস স্কলারশীপ জনপ্রতি =৮,৫০০/- (আট হাজার পাঁচ শত) টাকা হারে।
- অস্বচ্ছল মেধাবী স্টাইপেন্ড জনপ্রতি =৭,৫০০/- (সাত হাজার পাঁচ শত) টাকা হারে।

২০/০৫/২৫